

স্মারক নং- ৫১.০১.০০০০.০০৩.২৩.০০৮.১৯.৮৬৩

তারিখঃ ২১-০৯-২০১৯ খ্রি.


বিষয়: “আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস-২০১৯” যথাযোগ্য মর্যাদায় পালন প্রসঙ্গে।

UNDRR এর সাথে মিল রেখে এ বছর ১৩ অক্টোবর, ২০১৯ তারিখে “আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস-২০১৯” উদযাপন করার জন্য মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক সিদ্ধান্ত গৃহিত হয়েছে। উদ্বোধনী অনুষ্ঠানটি বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে অনুষ্ঠিত হবে। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকতে মাননীয় প্রধানমন্ত্রী সদয় সম্মতি জানিয়েছেন। দুর্যোগ ঝুঁকিহ্রাসে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ১৩ অক্টোবর, ২০১৯ তারিখে দেশব্যাপী যথাযোগ্য মর্যাদার দিবসটি উদযাপন করা হবে। UNDRR এর এ বছরের শ্লোগান **Build to Last** এর সাথে মিল রেখে “আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস-২০১৯” উদযাপনের নিমিত্ত প্রতিপাদ্য নির্ধারিত হয়েছে।

**“নিয়ম মেনে অবকাঠামো গড়ি
জীবন ও সম্পদের ঝুঁকি হ্রাস করি”**

যথাযোগ্য মর্যাদার দিবসটি উদযাপনের লক্ষ্যে জাতীয় পর্যায়ে উদ্বোধনী অনুষ্ঠান ছাড়াও আলোচনা সভা, প্রদর্শনী, সড়কদ্বীপ সজ্জা, চিত্রাঙ্কন প্রতিযোগিতা, স্মারনিকা প্রকাশ, জাতীয় পত্রিকায় ক্রোড়পত্র প্রকাশ, পোস্টার ও লিফলেট বিতরণ, সরকারি ও বে-সরকারি টেলিভিশন চ্যানেলে আলোচনা অনুষ্ঠান ইত্যাদির আয়োজন করা হয়েছে। আয়োজন সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য দুর্যোগ প্রশমন দিবস-২০১৯” উদযাপন সক্রান্ত কার্যবিবরণী দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের ওয়েবসাইট www.modmr.gov.bd এ আপলোড করা হয়েছে।

২। এমতাবস্থায়, জাতীয় পর্যায়ের অনুষ্ঠানসূচির সাথে মিল রেখে ১৩ অক্টোবর, ২০১৯ তারিখে “আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস-২০১৯” উদযাপন উপলক্ষ্যে জেলা ও উপজেলা পর্যায়ে দিবসের প্রতিপাদ্যের সাথে মিল রেখে র্যালি, সচেতনতা বৃদ্ধি সভা, সমাবেশ ও চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন এবং শিক্ষা প্রতিষ্ঠানসমূহে ভূমিকম্প ও অগ্নিকান্ডে করণীয় বিষয়ক মহড়া আয়োজনের জন্য তাঁর নিয়ন্ত্রণাধীন উপজেলা নির্বাহী অফিসারগণকে নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো।


(মোঃ শাহিদ হোসেন)

মহাপরিচালক

ফোনঃ ৮৮৩৫৪৯৫

ই-মেইলঃ dg@ddm.gov.bd

জেলা প্রশাসক (সকল)

.....

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে)

- ১। সিনিয়র সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার (সকল)।
- ৩। পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
- ৫। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (সকল)। মন্ত্রণালয়ের কার্যবিবরণীর নির্দেশনা মোতাবেক (যা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশিত) তিনি এবং তাঁর নিয়ন্ত্রণাধীন কর্মকর্তাগণ দিবসটি যথাযথভাবে পালন করে সচিত্র বাস্তবায়ন প্রতিবেদন দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে দুত প্রেরণের অনুরোধসহ)।
- ৬। প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী বা/এ, ঢাকা-১২১২। দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের জন্য।
- ৭। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (সকল)
- ৮। পিএটু মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা (মহোদয়ের সদয় অবগতির জন্য)।